

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে ‘এমফিল এবং পিএইচডি অর্ডিন্যান্স’ শীর্ষক সেমিনার**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিভিন্ন বিভাগের শিক্ষকদের অংশগ্রহণে ‘এমফিল এবং পিএইচডি অর্ডিন্যান্স’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১৬ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। আইকিউএসি’র আয়োজনে সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। এতে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, ‘আমরা অনেক ক্ষেত্রেই দেখেছি যে আমরা পিএইচডি করতে চাই কিন্তু দেখা যায় যে পাবলিকেশন বা অন্যান্য যে কন্ডিশনগুলো দেয়া থাকে তাতে লিমিটেশন থাকে। কিন্তু আমাদেরকে এটাও মাথায় রাখতে হবে যে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সহ অন্যান্য বিখ্যাত বিশ্ববিদ্যালয় যে মানের স্টুডেন্ট পায় আমরা তা পাবোনা। তবে আপনি তাকে দিয়ে কাজ করিয়ে নিতে হবে।’

এসময় তিনি আরো বলেন, তিনটি পাবলিকেশন থাকলেই তাকে পিএইচডি ডিগ্রি দিয়ে দিবেন বিষয়টি এমন নয়, সেই পাবলিকেশনগুলো বোর্ডের সামনে ডিফেন্স করার মতো যোগ্যতা আছে কিনা এটাও গুরুত্বপূর্ণ বিষয়। পিএইচডি’র ক্ষেত্রে কন্ডিশন হবে তিনটি পাবলিকেশন থাকলে সে বোর্ডের মুখোমুখি হতে পারবে তবে তাকে পাশ করানোর সিদ্ধান্ত বোর্ড কর্তৃপক্ষের। এ বিষয়ে আপনারা আজকের সেমিনারে সূচিন্তিত মতামত দিবেন যাতে এনরোল কন্ডিশন টা কঠিন না হয়, কিন্তু পাসিং কন্ডিশন টা যেন এমন হয় যাতে গবেষণা ক্ষেত্রে তার মেধার প্রমাণ পাওয়া যায়।

সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (আইসিই) বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আশিকুর রহমান খান। প্রোগ্রাম মডারেটর আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় আলোচক হিসেবে ছিলেন ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস (আইআইএস) এর পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ শফিকুল ইসলাম।



ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪